

চাঁপাইনবাবগঞ্জে বিশ্ব ডিম দিবস পালিত

Oct 11, 2024 - 15:01

0 23

Updated: Oct 11, 2024 - 15:02



মুসা মিয়া স্টাফ রিপোর্টার: ডিমে পুষ্টি, ডিমে শক্তি, ডিমে আছে রোগ মুক্তি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে চাঁপাইনবাবগঞ্জে বিশ্ব ডিম দিবস পালিত হয়েছে।

বিশ্ব ডিম দিবস" উপলক্ষে শুক্রবার (১১ অক্টোবর) বেলা সাড়ে দশটার দিকে চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রাণিসম্পদ দপ্তরের আয়োজনে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভার অনুষ্ঠিত হয়। র্যালী শেষে সাধারণ মানুষ ও শিশুদের মাঝে সের্ব ডিম বিতরণ করা হয়।

জেলা প্রাণিসম্পদ দপ্তরের সম্মেলন কক্ষে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য প্রদান করেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ গোলাম মোস্তফা, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, চাঁপাইনবাবগঞ্জ-এর উপপরিচালক ডাঃ মোঃ এমরান আলী, ভেটেরিনারি অফিসার ডাঃ মোঃ কবীর উদ্দীন আহমেদ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ডাঃ মোঃ ইয়ামিন আলী, গোমস্তাপুর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ডাঃ মোঃ কাওসার আলী।

আলোচনা সভায় বক্তারা ডিমের পুষ্টিগুণ, প্রাণিজ আমিষের চাহিদা পূরণে বাংলাদেশে ডিমের গুরুত্ব এবং ডিমের উৎপাদন বৃদ্ধিতে করণীয়সমূহ বিশেষ গুরুত্বের সাথে তুলে ধরেন।

চাঁপাইনবাবগঞ্জ সদরের ভেটেরিনারি সার্জন ডাঃ মোঃ আখতারুজ্জামান-এর উপস্থাপনায় উক্ত আলোচনা সভায় জেলা ও উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, পোল্ট্রি ফার্মার্স এসোসিয়েশনের সদস্যবৃন্দ, পোল্ট্রি খামারীগণ সহ অন্যান্য স্টেকহোল্ডাররা অংশগ্রহণ করেন।

পর্যাপ্ত উৎপাদন সত্ত্বেও ডিমের সাম্প্রতিক মূল্যবৃদ্ধির জন্য প্রাণিখাদ্যের উচ্চ মূল্যকে দায়ী করে অংশগ্রহণকারীরা ডিমের মূল্যকে সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে রাখতে প্রাণি খাদ্যের দাম কমানোর উপর গুরুত্ব আরোপ করেন।

মানুষের দৈহিক ও মানসিক পুষ্টিতে ডিমের গুরুত্ব তুলে ধরার লক্ষ্যে সারাবিশ্বে অক্টোবর মাসের দ্বিতীয় শুক্রবার ডিম দিবস পালিত হয়।